

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৩৮

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - মদের বর্ণনা ও মধ্যপায়ীকে ভীতিপ্রদর্শন করা

بَابُ بَيَانِ الْخَمْرِ وَوَعِيدٍ شَارِبِهَا

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ مُسْكِرٍ خَمْرٌ وَكُلُّ مُسْكِرٍ حَرَامٌ وَمَنْ شَرِبَ الْخَمْرَ فِي الدُّنْيَا فَمَاتَ وَهُوَ يُدْمِنُهَا لَمْ يَتْبُعْ لَمْ يَشْرِبَهَا فِي الْآخِرَةِ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৩৬৩৮-[৫] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ নেশা উদ্রেককারী প্রত্যেক জিনিসই 'মদ' আর প্রত্যেক নেশা সৃষ্টিকারী জিনিসই হারাম। আর যে ব্যক্তি দুনিয়াতে মদ পান করেছে এবং অবিরত পান করতে থাকে এবং তা থেকে তওবা না করেই মৃত্যুবরণ করেছে, তাহলে সে পরকালে তা (জান্নাতী সুপেয় মদ) পান করতে পারবে না। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ২০০৩, আবু দাউদ ৩৬৭৬, নাসায়ী ৫৬৭৩, তিরমিয়ী ১৮৬১, আহমাদ ৫৭৩০, সহীহ আল জামি' ৪৫৫৩, সহীহ আত্ত তারগীব ২৩৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (لَمْ يَتْبُعْ لَمْ يَشْرِبَهَا فِي الْآخِرَةِ) এর দ্বারা উদ্দেশ্য হলো ধমকানো ও কঠিন শান্তি।

নিহায়াতে বলা হয়েছে, সে জান্নাতে প্রবেশ করবে না, কেননা মদ জান্নাতের পানীয়। যখন তা আখিরাতে পান করতে পারবে না তাহলে সে জান্নাতেই প্রবেশ করতে পারবে না। ইমাম নববী বলেনঃ জান্নাতে প্রবেশ করবে তবে তার জন্য সেখানে মদ হারাম হবে। কারণ এটা জান্নাতের পানীয় বস্ত। আর এই পাপিষ্ঠের জন্য এটা হারাম হবে, কেননা সে দুনিয়াতে পান করেছে।

আবার কেউ কেউ বলেছেন তার নাফস্ এটা চাইতে ভুলে যাবে, কেননা প্রবৃত্তি যা চাবে তাই পাবে। আবার কারো
মতে স্মরণ হলেও তার মন তা চাবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68965>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন